

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩১০

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (کتاب المساجد ومواضع الصلاة)
পরিচ্ছেদঃ ৫/৫. রুকৃ'তে গিয়ে দু হাত হাঁটুতে রাখার নির্দেশ এবং তাতবীক (দু'হাত মিলিয়ে দু হাঁটুর মধ্যে রাখা)
মানসুখ হওয়া।

الندب إلى وضع الأيدي على الركب في الركوع ونسخ التطبيق

আরবী

حَدِيْتُ سعد بن أبي وقاس قَالَ مُصْعَبَ بْنُ سَعْد صَلَيْتُ إِلَى جَنْبِ أَبِي فَطَبَّقْتُ بَيْنَ كَفَّيَّ ثُمَّ وَضَعْتُهُمَا بَيْنَ فَخِذَيَّ فَنَهَانِي أَبِي وَقَالَ كُنَّا نَفْعَلُهُ فَنُهِينَا عَنْهُ وَأُمِرْنَا أَنْ نَضَعَ أَيْدِينَا عَلَى الرُّكَبِ

বাংলা

৩১০. মুস'আব ইবনু সা'দ (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একবার আমি আমার পিতার পাশে দাঁড়িয়ে সালাত আদায় করলাম। এবং (রুকু'র সময়) দু' হাত জোড় করে উভয় উরুর মাঝে রাখলাম। আমার পিতা আমাকে এরূপ করতে নিষেধ করলেন এবং বললেন, পূর্বে আমরা এরূপ করতাম; পরে আমাদেরকে এ হতে নিষেধ করা হয়েছে এবং হাত হাঁটুর উপর রাখার আদেশ করা হয়েছে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০; আযান, অধ্যায় ১১৮, হাঃ ৭৯০; মুসলিম, পর্ব ৫ : মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৫, হাঃ ৫৩৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মুস'আব ইবনু সা'দ (রহ.)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন